

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৩৪

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আন-নিসা

بَابُّ: وَمِنْ سُورَةِ النِّسَاءِ

আরবী

حَدَّتَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، قَالَ سَمِعْتُ عَبْدَ الرَّحْمَنِ بُنَ عَبْدِ اللَّهِ بْنِ بَابَاهُ، عَنْ يَعْلَى بْنِ أَمْيَّة، قَالَ قُلْتُ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ بَابَاهُ، عَنْ يَعْلَى بْنِ أَمْيَّة، قَالَ قُلْتُ لِعُمْرَ بْنِ الْخَطَّابِ إِنَّمَا قَالَ اللَّهُ: (أَنْ تَقْصُدُوا مِنَ الصَّلاَةِ إِنْ خِفْتُمْ أَنْ يَفْتِنَكُمُ الَّذِينَ لِعُمْرَ بْنِ الْخَطَّابِ إِنَّمَا قَالَ اللَّهُ: (أَنْ تَقْصُدُوا مِنَ الصَّلاَةِ إِنْ خِفْتُمْ أَنْ يَفْتِنَكُمُ الَّذِينَ كَفَرُوا) وَقَدْ أَمِنَ النَّاسُ . فَقَالَ عُمَرُ عَجِبْتُ مِمَّا عَجِبْتَ مِنْهُ فَذَكَرْتُ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " صَدَقَةٌ تَصَدَّقَ اللَّهُ بِهَا عَلَيْكُمْ فَاقْبَلُوا صَدَقَتَهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৩০৩৪. আবদ ইবন হুমায়দ (রহঃ) ইয়া'লা ইবন উমায়া রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি ওমর রাদিয়াল্লাহু আনহু-কে বললাম। আল্লাহ তা'আলা তো বলেছেনঃ যখন তোমরা (শক্রর) আশংকা করা তখন সালাতে কসর করবে (৪ঃ ১০১)। এখন তো মানুষ নিরাপদ হয়ে গেছে। (ইসলামও প্রতিষ্ঠিত হয়ে গেছে)। উমর রাদিয়াল্লাহু আনহ বললেনঃ তুমি যাতে বিস্বয়বোধ করছ আমিও তাতে বিস্ময়বোধ করেছিলাম এবং রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বিষয়টি উত্থাপন করেছিলাম। তিনি বলেছিলেনঃ এতো আল্লাহর পক্ষ থেকে এক অনুগ্রহ যা তিনি তোমাদের দান করেছেন। সুতরাং আল্লাহর এই দান তোমরা গ্রহণ কর।

সহীহ, ইবনু মাজাহ ১০৬৫, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৩৪ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Ya'la bin Umayyah:

"I said to 'Umar [bin Al-Khattab]: 'Allah said: That you shorten the Salat if



you fear and the people are safe (4:101).' So 'Umar said: 'I wondered about that just as you have wondered. So I mentioned that to the Messenger of Allah (ﷺ), and he said: "It is charity which Allah has given to you, so accept His charity."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইয়ালা ইবন উমাইয়া (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন